

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬০০৫

পর্ব-৩০: মান-মর্যাদা (كتاب المناقب)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ - কুরায়শ ও অন্যান্য গোত্রসমূহের গুণাবলি

اَلْفَصِيْلُ الثَّالِثُ (بَابُ مَنَاقِبِ قُرَيْشِ وَذِكْرِ الْقَبَائِل)

আরবী

وَعَن أَبِي هريرةَ قَالَ: جَاءَ الطُّفَيْلُ بْنُ عَمْرِو الدَّوْسِيُّ إِلَى رَسُولِ الله صلى الله عَلَيْهِ وسل فَقَالَ: إِنَّ دَوْسًا قَدْ هَلَكَتْ عَصَتْ وَأَبَتْ فَادْعُ اللَّهَ عَلَيْهِمْ فَظَنَّ النَّاسُ أَنَّهُ يَدْعُو عَلَيْهِمْ فَقَالَ: ﴿اللَّهُمَّ اهْدِ دَوْسًا وَأْتِ بِهِمْ ﴾ . مُتَّفق عَلَيْهِ

متفق عليم ، رواه البخارى (6397) و مسلم (197 / 2524)، (6450) ـ (مُتَّفق عَلَيْهِ)

বাংলা

৬০০৫-[২৭] আবৃ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একদিন তুফায়ল ইবনু 'আমর আদ দাওসী রাসূলুল্লাহ (সা.) -এর কাছে এসে বললেন, দাওস গোত্র ধ্বংস হয়ে গেছে। তারা আল্লাহর অবাধ্য হয়েছে এবং ইসলাম গ্রহণ করতে অস্বীকার করেছে। অতএব আপনি তাদের ওপর আল্লাহর কাছে বদদু'আ করুন। তখন লোকেরা ধারণা করল, রাসূল (সা.) তাদের ওপর বদদু'আ করবেন, কিন্তু তিনি বললেন, হে আল্লাহ! তুমি দাওস গোত্রকে হিদায়াত দান কর এবং তাদেরকে নিয়ে আসো। (বুখারী ও মুসলিম)

ফটনোট

সহীহ: বুখারী ৬৯৩৭, মুসলিম ১৯৭-(২৫২৪), সহীহ আল আদাবুল মুফরাদ ৪৭৮, সিলসিলাতুস্ সহীহাহ্ ২৯৪১, মারিফাতুস্ সুনান ওয়াল আসার ৪২, মুসনাদে আহমাদ ৭৩১৩, মুসনাদুশ শাফি'ঈ ১৩৩৯, মুসনাদুল হুমায়দী ১০৫০, সহীহ ইবনু হিব্বান ৯৭৯, আল মু'জামুল কাবীর লিত্ব ত্ববারানী ৮১৪৪, আল আদাবুল মুফরাদ ৬১১।

ব্যাখ্যা



ব্যাখ্যা: الطُّفَيْلُ بُن ُ عَمْرِو السُّفَيْلُ بُن ُ عَمْرِو السُّفِيْنِ (ताः) -এর কাছে আসলেন। রাসূলুল্লাহ (সা.) তাকে দীন প্রচারের দায়িত্ব দিয়ে তার সম্প্রদায়ের কাছে পাঠানোর সময় তাকে বললেন, তুমি তোমার সম্প্রদায়ের কাছে ইসলামের বাণী পৌছে দাও। তখন তুফায়ল (রাঃ) বললেন, আমি যে আপনার কাছ থেকে দা'ওয়াত নিয়ে যাচ্ছি এর জন্য একটা আলামত বা প্রমাণ দিয়ে দেন। তখন রাসূল (সা.) তার জন্য দু'আ করলেন। তিনি (সা.) বললেন, "হে আল্লাহ! তুমি তাকে আলোকিত কর।" ফলে তার দু' চোখের মাঝখানে আলো চমকাতে লাগল। তিনি বললেন, হে আল্লাহর রাসূল! ওরা তো আমাকে অঙ্গ বিকৃতির অপবাদ দেবে। কাজেই আমার ভয় হচ্ছে। অতঃপর সেই আলো তার চাবুকের একপার্শে স্থানান্তরিত করে দেয়া হলো যা অন্ধকার রাতে আলো ছড়াত। তিনি সম্প্রদায়কে দাওয়াত দিলেন। তার দা'ওয়াতে তার বাবা ইসলাম কবুল করলেন কিন্তু মা করলেন না। অন্যদের মধ্যে শুধুমাত্র আবৃ হুরায়রা (রাঃ) তার দাওয়াতে ইসলাম কবুল করলেন। এ থেকে বুঝা যাচ্ছে, তিনি অনেক পূর্বে ইসলাম কবুল করেছেন। (মিরকাতুল মাফাতীহ)

(اللَّهُمَّ اهْدِ دَوْسًا وَأُتِ بِهِمْ) অর্থাৎ হে আল্লাহ! তুমি দাওস গোত্রকে ইসলামের পথ দেখাও এবং মদীনায় মুহাজির বানিয়ে নিয়ে আসো। অথবা ইসলাম কবুলের জন্য তাদের অন্তরসমূহকে অগ্রগামী করে দাও। (মিরকাতুল মাফাতীহ)

ফাতহুল বারীতে বলা হয়েছে, ইবনুল কালবী (রহিমাহুল্লাহ) বলেন, হুবায়ব ইবনু আমর ইবনু হাসমা আদ্ দাওসী দাস গোত্রের শাসনকর্তা ছিলেন। তার পূর্বে তার বাবাও ছিলেন। তাদের শাসনকার্য ছিল ৩০০ বছর হুবায়ব ইবনু 'আমর একদিন বললেন, আমি জানি এই সৃষ্টিজগতের একজন স্রষ্টা আছেন কিন্তু তিনি কে তা আমি জানি না। অতঃপর তিনি তখন রাসূল (সা.) -এর কথা শুনলেন তখন তাঁর নিকট নিজ গোত্রের পাঁচাত্তর জন লোকসহ আসলেন এবং সকলে মিলে ইসলাম কবুল করলেন।

ইবনু ইসহক উল্লেখ করেছেন, নবী (সা.) 'আমর ইবনু হাসমা-এর প্রতিমা পুড়িয়ে দেয়ার জন্য তুফায়ল ইবনু 'আমর-কে পাঠালেন এবং তিনি তা পুড়িয়ে দিলেন।

ইবনু শিহাব-এর সূত্রে মুফা ইবনু 'উকবাহ্ উল্লেখ করেছেন। তুফায়ল ইবনু 'আমর (রাঃ) আবূ বাকর (রাঃ)-এর খিলাফতকালে অজ্ঞাতের হাতে শহীদ হয়েছেন। ইবনু সা'দ বলেছেন, ইয়ামামার যুদ্ধে শহীদ হন। আবার কেউ বলেছেন, ইয়ারমূকের যুদ্ধে শহীদ হন। (ফাতহুল বারী হা. ৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন